# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin
**Date 14-05-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) অপারেশন সিন্দুর এর সাফল্য নিয়ে দেশব্যাপী ১১ দিনের তিরঙ্গা যাত্রা শুরু হয়েছে।

২) নির্বাচন কমিশন প্রায় ২০ বছরের পুরনো একই নম্বরের সচিত্র ভোটার পরিচয়পত্র সংক্রান্ত সমস্যার সমাধান করতে সক্ষম হয়েছে।

৩) জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া জানিয়েছে যে কেন্দ্র চলতি অর্থ বছরে পাটের ন্যূনতম সহায়ক মূল্য বৃদ্ধি করেছে।

৪) বিশ্ব পরিবেশ দিবসের আগে রাজ্যে ৫০০-টি নতুন কঠিন বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্র চালু হচ্ছে।

৫) দক্ষতা বৃদ্ধির উদ্দেশে কর্মীদের বিশেষ প্রশিক্ষণ দেবে রাজ্যের পরিবহণ দফতর।

৬) আলিপুর আবহাওয়া দফতর বীরভূম, পশ্চিম বর্ধমান ও পশ্চিম মেদিনীপুর জেলায় আজ তাপপ্রবাহের পূর্বাভাষ দিয়েছে।

oooooooooooooooooooooo

'অপারেশন সিন্দুর' সাফল্য নিয়ে দেশব্যাপী এগারো দিনের প্রচার অভিযান শুরু হয়েছে। তিরঙ্গা যাত্রা নামের এই অভিযানের লক্ষ্য পাকিস্তানের বিরুদ্ধে ভারতীয় সশস্ত্র বাহিনীর সাফল্য তুলে ধরা। প্রাক্তন সেনা, সমাজকর্মী, সামাজিক সংগঠনের পাশাপাশি বিশিষ্ট বিজেপি নেতারাও এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন। চলতি মাসের ২৩ তারিখ পর্যন্ত চলমান এই অভিযান চলবে। অপারেশন সিন্দুর কিভাবে পাকিস্তান ও পাক নিয়ন্ত্রিত কাশ্মীরে ভারত জঙ্গি ঘাঁটি ধ্বংস করেছে এই অভিযানের মাধ্যমে সেগুলি তুলে ধরা হবে।

অপারেশন সিন্দুর এ সাফল্যের পর ভারতীয় সশস্ত্র বাহিনীর বীরত্ব উদযাপনে ' গতকাল জাতীয় রাজধানীতে ' শৌর্য্য সম্মান যাত্রা' শীর্ষক এক তিরঙ্গা যাত্রা আয়োজিত হয়। কর্তব্য পথ থেকে ইন্ডিয়া গেটের যুদ্ধ স্মারক পর্যন্ত এই যাত্রায় অংশগ্রহণ করেন দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা তার মন্ত্রিসভার সদস্যরা ছাড়াও সাংসদরা , বিজেপির সাধারণ সম্পাদক তরুণ চুগ্ এবং বহু সাধারণ মানুষ। সিটিজেনস অফ ন্যাশনাল সিকিউরিটির উদ্যোগে এই তিরঙ্গা যাত্রা অনুষ্ঠিত হয়।

oooooooooooooooooooooo

পাক সেনার হাতে আটক বিএসএফ জওয়ান পূর্ণম কুমার সাউ এর মুক্তির দাবিতে আজ ময়দানে ইন্দিরা গান্ধীর মূর্তির পাদদেশে অবস্থান কর্মসূচি পালন করবে কংগ্রেস। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেন ,পূর্ণম কুমার সাউকে দ্রুত এদেশে ফিরিয়ে আনার দাবিতেই তাদের এই অবস্থান কর্মসূচি র ডাক দেওয়া হয়েছে।

উল্লেখ্য, হুগলি জেলার রিষড়ার বাসিন্দা পূর্ণম কুমার সাউয়ের পাকিস্তান সেনাদের হাতে এখনো বন্দি থাকার বিষয় নিয়ে সারা ভারতের মানুষ উদ্বিগ্ন।

আগেই জানানো হয়েছে যে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গত রবিবার সন্ধ্যায় টেলিফোন করে পূর্নম এর স্ত্রীর সঙ্গে কথা বলেন। তার শারীরিক অবস্থার খোঁজখবর নেন। আগামী এক সপ্তাহের মধ্যে পূর্ণম ফিরে আসবে বলে মুখ্যমন্ত্রী তাদের আশ্বাস দেন।

oooooooooooooooooooooo

নির্বাচন কমিশন প্রায় ২০ বছরের পুরনো একই নম্বরের সচিত্র ভোটার পরিচয়পত্র সংক্রান্ত সমস্যার সমাধান করতে সক্ষম হয়েছে। ২০05 সাল থেকে নির্বাচক নিবন্ধীকরণ আধিকারিক, ERO-দের ব্যবহৃত একই সিরিজের নম্বর প্রকৃত ভোটারদের ইস্যু করার দরুণ এই সমস্যা সৃষ্টি হয়। এধরনের ভোটারদের সবাইকে নতুন এপিক নম্বর সহ পরিচয়পত্র দেওয়া হয়েছে।

ভোটার তালিকা পরিমার্জন করা এবং সর্বশেষ তথ্য অন্তর্ভূক্ত করতে ভারতের নির্বাচন কমিশনের চেষ্টায় এই সমাধানে পৌঁছনো সম্ভব হয়েছে। রাজ্যগুলি এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির মুখ্য নির্বাচনী আধিকারিক এবং সারা দেশের বিধানসভা কেন্দ্রগুলির ভোটগ্রহণ কেন্দ্রের ইআরও-রা ৯৯ কোটির বেশি ভোটারদের সমগ্র তালিকা খুঁটিয়ে পর্যবেক্ষণ করেন। এতে, দেখা যায় একই ধরনের এপিক নম্বর রয়েছে যাদের, তারা বিভিন্ন বিধানসভা ক্ষেত্রের ও বিভিন্ন ভোটগ্রহণ কেন্দ্রের প্রকৃত ভোটার। বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল বিকেন্দ্রীভূত পদ্ধতিতে বিধানসভা নির্বাচনী এলাকা ভিত্তিক নানা বর্ণমালার সিরিজ ব্যবহার করার ফলে ২০05 সাল থেকে এই সমস্যার সূত্রপাত হয়েছিল।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল তাঁর নতুন দিল্লীর বাসভবনে জাতীয় যক্ষ্মা নির্মূল কর্মসূচী, এনটিইপি-র উচ্চ পর্যায়ের পর্যালোচনা বৈঠকে সভাপতিত্ব করেন। ২০২৪-এ যক্ষ্মা রোগীদের চিকিৎসা ক্ষেত্রে প্রথমেই রোগের লক্ষন ধরার বিষয়ে যথেষ্ট অগ্রগতির কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী আবারও দেশ থেকে সম্পূর্ণরূপে যক্ষ্মা নির্মূল করার ওপর জোর দেন। বৈঠকে প্রধানমন্ত্রী সদ্য শেষ হওয়া একশো দিনের যক্ষ্মা মুক্ত ভারত অভিযানের পর্যালোচনা করেন। এই অভিযানে সেই জেলাগুলির ওপরেই বেশি নজর

দেওয়া হয়েছিল, যেখানে এই রোগের সম্ভাবনা চিহ্নিত হয়েছিল প্রায় ১৩ কোটি মানুষের। এর মধ্যে ৭ লক্ষ ১৯ হাজারের যক্ষ্মা চিহ্নিত হয়, এদের মধ্যে ২ লক্ষ ৮৫ হাজার মানুষই উপসর্গহীন।

যক্ষ্মামুক্ত ভারত গড়তে জন ভাগিদারির মাধ্যমে স্বচ্ছতার ওপর গুরুত্ব দেন প্রধানমন্ত্রী। বৈঠকে প্রধানমন্ত্রী হু-র ২০২৪-এর আন্তর্জাতিক যক্ষ্মা রিপোর্টের উৎসাহ ব্যঞ্জক দিকটি তুলে ধরে বলেন, এদেশে যক্ষ্মা আক্রান্তের সংখ্যা ১৮ শতাংশ হ্রাস পেয়েছে। যক্ষ্মায় মৃত্যু হারও কমেছে ২১ শতাংশ এবং ৮৫ শতাংশ রোগীকেই চিকিৎসার আওতায় আনা গেছে বলেও এই রিপোর্টে উল্লেখ করা হয়েছে।

এই বৈঠকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জগত্ প্রকাশ নাড্ডা, প্রিন্সিপাল সেক্রেটারি ডক্টর পি কে মিশ্র সহ বরিষ্ঠ আধিকারিকরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্র চলতি অর্থ বছরে পাটের ন্যূনতম সহায়ক মূল্য (এমএসপি) কুইন্টাল প্রতি ৫৬৫০ টাকা ধার্য করেছে। গত বছরের তুলনায় ৩১৫ টাকা বেশি। আগামী পয়লা জুলাই থেকে পাট সংগ্রহের কাজ শুরু হবে। কলকাতার প্রেস ক্লাবে গতকাল এক সাংবাদিক সম্মেলনে জুট কর্পোরেশন অফ ইন্ডিয়ার ম্যানেজিং ডিরেক্টর অজয় কুমার জলি একথা জানান। তিনি বলেন, জুট কর্পোরেশন অফ ইন্ডিয়া গত আর্থিক বর্ষে ৫ লক্ষ কুইন্টালের বেশি কাঁচা পাট কিনেছে। যার সহায়ক মূল্য ২৫২ কোটি টাকারও বেশি। তিনি আরও জানান, বাজারে পাটের চাহিদা কম থাকলে কৃষকেরা লোকসানে বিক্রি না করে তা জুট কর্পোরেশনের কাছে ন্যূনতম সহায়ক মূল্যেই বিক্রি করতে পারবেন। তবে এখনও পর্যন্ত পাটের বাজারমূল্য এমএসপি-এর থেকে বেশিই রয়েছে বলে তিনি জানিয়েছেন।

উল্লেখ্য, সংস্থার তরফে পাটচাষিদের সুবিধার্থে "Paat-Mitro" নামক একটি অ্যাপ চালু করা হয়েছে। পাটের ন্যূনতম সহায়ক মূল্য সহ পাটচাষ সংক্রান্ত আরো নানা তথ্য জানা যাবে।

oooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের ৫২-তম প্রধান বিচারপতি হিসেবে আজ শপথ গ্রহণ করবেন বিচারপতি বি আর গাভাই। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তাঁকে শপথ বাক্য পাঠ করাবেন। বিচারপতি সঞ্জীব খান্না গতকাল অবসর গ্রহণ করেন। দেশের শীর্ষ আদালতের ৫১ তম প্রধান বিচারপতি হিসেবে গত বছর ১১ই নভেম্বর তিনি দায়িত্বভার গ্রহণ করেছিলেন।

oooooooooooooooooo

ওয়াকফ আইনের প্রতিবাদে গত ৮ থেকে ১২-ই এপ্রিলে মুর্শিদাবাদে হওয়া বিক্ষোভ আন্দোলনে হিন্দুদের ওপর হামলার ঘটনার তদন্তে সিবিআই অথবা সিট গঠনের জন্য দায়ের হওয়া মামলা সুপ্রিম কোর্ট খারিজ করে দিয়েছে। তবে বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি এন কোটেশ্বর সিং মামলাকারীকে কলকাতা হাইকোর্টে এই নিয়ে মামলা দায়েরের নির্দেশ দিয়েছেন। প্রয়োজনে অনলাইনেও আবেদন জানানো যাবে বলে শীর্ষ আদালাত জানিয়েছে।

উল্লেখ্য, এই সংক্রান্ত মামলা বর্তমানে কলকাতা হাইকোর্টে ইতোমধ্যেই বিচারাধীন রয়েছে, তাই এই আবেদন সেখানে জানানোই যথাযথ বলে মত শীর্ষ আদালতের।

oooooooooooooooooooo

আগামী ৫ জুন বিশ্ব পরিবেশ দিবসের আগে রাজ্যে ৫০০ টি  নতুন কঠিন বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্র চালু হচ্ছে। রাজ্য পঞ্চায়েত দফতর  সূত্রে জানা হয়েছে জেলায় জেলায় এই ইউনিটগুলি  তৈরি হলেও এখনও সেগুলির কাজ শুরু হয়নি। নির্ধারিত সময়সীমার

মধ্যেই ওই সব ইউনিট চালু করতে হবে বলে জেলাগুলিকে স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে। যাঁরা এই কেন্দ্র পরিচালনা করবেন, তাঁদের বিশেষ প্রশিক্ষণ দিতেও বলা হয়েছে। রাজ্যে প্রায় আড়াই হাজার কঠিন বর্জ্য ব্যবস্থাপনা কেন্দ্র তৈরি হয়েছে। ধাপে ধাপে দু-হাজার কেন্দ্রে ইতিমধ্যেই কাজ শুরু হয়েছে, বাকিগুলিও দ্রুত চালু হয়ে যাবে।

oooooooooooooooooo

আসন্ন বর্ষায় শহরে বিদ্যুৎপৃষ্ট হয়ে মৃত্যুর ঘটনা রোধে কলকাতা পুরসভা শহরের বাতিস্তম্ভগুলি পলিভিনাইল ক্লোরাইড ( পিভিসি) রবার শিট দিয়ে ঢাকার সিদ্ধান্ত নিয়েছে। পুরভবনে গতকাল,আলো ও বিদ্যুৎ বিভাগের মেয়র পারিষদ সন্দীপ রঞ্জন বক্সি জানান, বাতিস্তম্ভগুলি মাটি থেকে সাত ফুট উচ্চতা পর্যন্ত পিভিসি রবার শিট দিয়ে ঢাকা থাকবে। ফলে বৃষ্টির সময় কেউ ভুলবশত বাতিস্তম্ভ ছুলেও বিপদের আশঙ্কা থাকবে না। ইতিমধ্যেই কাজ শুরু হয়ে গেছে।

শহরে প্রায় ৩ লক্ষ বাতিস্তম্ভ রয়েছে। আগামী মাসের মধ্যে সবকটিতেই এই কাজ সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

( বাইট - সন্দীপরঞ্জন বক্সি)

এই প্রকল্পে খরচ বাবদ ১০ লক্ষ টাকা অনুমোদনের জন্য পুর ও নগর উন্নয়ন দপ্তরে পাঠানো হয়েছে। বাতিস্তম্ভের পাশাপাশি রাস্তার জাংশন বক্সগুলিও তিন ফুট উঁচু করা হচ্ছে, যাতে ভারী বৃষ্টিতেও সেগুলি জলমগ্ন না হয়। এছাড়া, ল্যাম্পপোস্টে আর্থিংয়ের কাজও প্রায় শেষ হয়ে এসেছে বলে জানিয়েছেন বিদ্যুৎ বিভাগের মেয়র পারিষদ।

oooooooooooooooooooo

বিদ্যুতের বিপুল চাহিদা বৃদ্ধির  কথা মাথায় রেখে রাজ্য সরকার নতুন শক্তি নীতি তৈরি করতে চলেছে। বিদ্যুৎ ক্ষেত্রে ভবিষ্যৎ পরিকল্পনার রূপরেখা স্থির করতে একটি

কৌশলগত পরিকল্পনা ইউনিট  গঠন করারও সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ওই ইউনিট গত পাঁচ বছরে রাজ্যের বিদ্যুৎ খাতে গৃহীত প্রকল্পগুলির মূল্যায়ন ও পর্যালোচনার কাজও করবে।বিদ্যুৎ দফতর সূত্রে জানা গেছে, কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ, ২০৩১-৩২ অর্থ বছরে রাজ্যে  সর্বোচ্চ বিদ্যুৎ চাহিদা ২০ হাজার ৭৭০ মেগাওয়াট এবং ২০৩৪-৩৫ সালের মধ্যে তা আরও বেড়ে  ২৪ হাজার ৭৫৭ মেগাওয়াট হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে। এই চাহিদা মেটাতে  কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা বর্তমান সময়ের ৮ হাজার ২৪৪ মেগাওয়াট থেকে বাড়িয়ে ২০৩৪-৩৫ সালের মধ্যে ১৪ হাজার ১৪৮ মেগাওয়াট করা হবে। ফলে, আগামী দশ বছরে ৫ হাজার ৯০৪ মেগাওয়াট অতিরিক্ত ক্ষমতা যোগ করতে হবে।

oooooooooooooooooo

FM Rainbow প্রচার তরঙ্গে আজ সকাল ৭-টা থেকে আগের মতই  শুরু হচ্ছে ঘন্টায় ঘণ্টায় হেডলাইন। আগের মতই রাত ৯-টা পর্যন্ত এই হেড লাইন প্রচারিত হবে। এছাড়া সংবাদ প্রচারের সময়ের ক্ষেত্রে যে পরিবর্তন করা হয়েছিল তাও আজ থেকে স্বাভাবিক সূচী অনুযায়ী প্রচারিত হবে। সকাল ১০-টা বেজে ২০ মিনিটে যে সংবাদ প্রচারিত হচ্ছিল তা আগের মতই ১০টা ১০ থেকে, ৫টা ২০ থেকে প্রচারিত সংবাদ ৫টা ১০ থেকে এবং ৮টা ২০ থেকে প্রচারিত খেলার খবর পুরানো সময় রাত ৮টা ১০ থেকেই প্রচারিত হবে।

ooooooooooooooooooo

রাজ্যের পরিবহন কর্মীদের দক্ষতা বৃদ্ধি করতে বিশেষ প্রশিক্ষণ দেবে পরিবহন দফতর। সরকারি ও বেসরকারি ক্ষেত্রের চালক, কন্ডাক্টার, মেকানিক, টেকনিশিয়ান, গিগ কর্মী, সারেঙ-সহ বিভিন্ন স্তরের মোট ৭ হাজার কর্মীর দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ দেওয়া হবে। এ ব্যাপারে কারিগরি শিক্ষা, প্রশিক্ষণ ও উন্নয়ন দফতরে প্রস্তাব পাঠিয়েছে পরিবহন

দফতর। দুটি দফতরের সমন্বয়ে এই প্রশিক্ষণের বন্দোবস্ত করা হবে। এর পাশাপাশি গ্যারেজ কর্মীদেরও প্রশিক্ষণ দেওয়ার পরিকল্পনা নিয়েছে পরিবহন দফতর। কলকাতা ইউনিভার্সিটি ইনস্টিটিউট হলে গতকাল,গ্যারেজ মালিকদের সঙ্গে একটি প্রশাসনিক সভা করেন পরিবহন দফতরের আধিকারিকরা।

দফতর সূত্রে জানা গেছে, রাজ্যের ৫০৫টি গ্যারেজে ৫১৮৭ কর্মী কাজ করেন। তাঁদেরকে 'পরিবহনকর্মীদের সামাজিক সুরক্ষা প্রকল্পে'র আওতায় আনা হবে।

উল্লেখ্য এখনো পর্যন্ত এই প্রকল্পে ৪ লক্ষ ১৩ হাজার কর্মী নথিভুক্ত আছেন।

ooooooooooooooooooo

রাজ্যে আগামী পয়লা জুন থেকে ট্রাফিক আইন লঙ্ঘনের জন্য আর হাতে লেখা কাগজের চালান কাটা যাবে না। এবার থেকে এই ক্ষেত্রে সংযোগ পোর্টাল ব্যবহার বাধ্যতামূলক করা হচ্ছে। এই পোর্টালের মাধ্যমে অনলাইনে চালান জারি ও জরিমানা মেটানোর প্রক্রিয়া সম্পন্ন হবে। রাজ্যের সব আইন প্রয়োগকারী সংস্থা ও পরিবহন দপ্তরকে এই পদ্ধতিতে কাজ করতে হবে বলে রাজ্য সরকার জানিয়েছে। পরিবহন সচিব সৌমিত্র মোহন সম্প্রতি একটি নির্দেশিকায় পশ্চিমবঙ্গ পুলিশ, কলকাতা পুলিশ এবং পরিবহন দপ্তরকে পোর্টালটি ব্যবহার বাধ্যতামূলক করার নির্দেশ দেন। তিনি জানিয়েছে, এবার থেকে গাড়ির মালিকরা ট্রাফিক নিয়ম ভাঙলে এসএমএস-এর মাধ্যমে চালান পাবেন এবং অনলাইনেই জরিমানা মেটাতে পারবেন।

ooooooooooooooooooo

রাজ্য সরকারের উদ্যোগে তৈরি হওয়া 'যাত্রী সাথী' অ্যাপ ক্যাব পরিষেবা ' ইতিমধ্যেই ১ কোটিরও বেশি যাত্রা সম্পূর্ণ করেছে। পরিবহন দপ্তর সূত্রে জানা গেছে, বর্তমানে ১ লক্ষের বেশি চালক এবং ৩৭ লক্ষের বেশি রেজিস্টার্ড ব্যবহারকারী এই অ্যাপের সঙ্গে যুক্ত রয়েছেন । কলকাতা, শিলিগুড়ি, আসানসোল ও দুর্গাপুরে পরিষেবা

চালু রয়েছে। এখনও পর্যন্ত চালকরা এই অ্যাপ ব্যবহার করে প্রায় ২৮০ কোটি টাকা আয় করেছেন। রাজ্য ট্রাফিক পুলিশের আইজি সুকেশ কুমার জৈন জানিয়েছেন, অন্যান্য কমিশন-ভিত্তিক অ্যাপে চালকদের আয়ের ২০–৩০ শতাংশ কেটে রাখা হতো, যাত্রী সাথী চালুর ফলে সে বোঝা অনেকটাই কমেছে। একইসঙ্গে যাত্রীরাও কম ভাড়ায় পরিষেবা পাচ্ছেন।

রাজ্যের পরিবহণমন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী জানিয়েছেন, এই অ্যাপ চালকদের জন্য একাধিক সুযোগ এনে দিয়েছে। বর্তমানে ১ লক্ষেরও বেশি গাড়ি অ্যাপের সঙ্গে যুক্ত রয়েছে। অনেক চালক অন্য প্ল্যাটফর্ম ছেড়ে পুরোপুরি 'যাত্রী সাথী'র ওপর নির্ভরশীল হয়ে পড়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

আলিপুর আবহাওয়া দফতর সূত্রে বীরভূম, পশ্চিম বর্ধমান ও পশ্চিম মেদিনীপুর জেলায় আজ তাপপ্রবাহের পূর্বাভাষ দেওয়া হয়েছে। পুরুলিয়া, ঝাড়গ্রাম সহ কয়েকটি জেলায় আজ বজ্রবিদ্যুৎ সহ ঝড়বৃষ্টির সম্ভাবনা। দক্ষিণবঙ্গের বাকি জেলায় অস্বস্তিকর উষ্ণ ও আর্দ্র আবহাওয়া বজায় থাকবে। উত্তরবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্ত ঝড়বৃষ্টির পাশাপাশি কোন কোন জায়গায় ভারী বৃষ্টি হতে পারে বলে কেন্দ্রীয় আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় উপ-মহানির্দেশক সোমনাথ দত্ত জানিয়েছেন।

(বাইট – সোমনাথ দত্ত)

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৮ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ১ দশমিক ৮ ডিগ্রী বেশি।

কলকাতা ও সন্নিহিত অঞ্চলে আজকের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০